

আইন-আদালত

নির্বাচনে প্রার্থীদের ডোপ টেস্ট নিয়ে হাইকোর্টের রুল

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৪৮ PM



জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থীদের ডোপ টেস্ট বাধ্যতামূলক না হওয়া নিয়ে প্রশ্ন তুলেছে হাইকোর্ট। এ বিষয়ে কেন তা অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

সোমবার (২৮ সেপ্টেম্বর) বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি এসকে তাহসিন আলীর সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন।

আইনজীবী ইসরাত জাহান অমি এ রিটটি করেন। রিটে মন্ত্রিপরিষদ সচিব, আইন মন্ত্রণালয়ের সচিব এবং প্রধান নির্বাচন কমিশনারসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছে।

রিটে বলা হয়, কোনো মাদকাসক্ত ব্যক্তি যাতে নির্বাচনে অংশ নিতে না পারেন, সেজন্য নির্বাচনি বিধিমালা সংশোধন করে সরকারি হাসপাতাল বা স্বীকৃত (সার্টিফাইড) ল্যাবরেটরি থেকে প্রার্থীদের ডোপ টেস্ট বাধ্যতামূলক করা উচিত।

আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন রিটকারী আইনজীবী অনি নিজে। শুনানি শেষে তিনি বলেন, বর্তমান নির্বাচনি আইন ও বিধিমালায় প্রার্থীদের মাদক পরীক্ষার বিষয়ে কোনো স্পষ্ট বাধ্যবাধকতা নেই। অথচ সরকারি চাকরিজীবী বা পুলিশ সদস্যদের নিয়োগের ক্ষেত্রে ডোপ টেস্ট বাধ্যতামূলক। আমাদের প্রতিনিধিত্ব যারা করবেন তা সংসদ সদস্য হোক কিংবা স্থানীয় সরকারের জনপ্রতিনিধি তাদের অবশ্যই মাদকমুক্ত ও সুস্থ মানসিকতার (সাইন্ড মাইন্ড) হতে হবে।

এ বিভাগের আরও খবর



বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) আখতারুজ্জামান ১ দিনের রিমান্ডে
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লাগেজ ও ট্রলি সংকটকে কেন্দ্র করে বিশৃঙ্খলা সৃষ্টি ও সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগে করা মামলায় গ্রেপ্তার...



কলেজছাত্র নাসিম হত্যার দায়ে ৪ জনের মৃত্যুদণ্ড
মৌলভীবাজার সরকারি কলেজের ভিত্তি প্রথম বর্ষের শিক্ষার্থী রেজাউল করিম নাসিমকে হত্যার দায়ে ৪ জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন জেলা দায়রা জজ আদালত। এ ছাড়া...



জামিন পেলেন এমপি গাজী নজরুলের প্রথম স্ত্রী
সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রী মরিয়ম আক্তারের মৃত্যুর ঘটনায় করা মামলায় গ্রেপ্তার তার প্রথম স্ত্রী মাকসুদা ইসলামকে জামিন দিয়েছে...



সংবিধানে আবারও ফিরছে [আল্লাহর ওপর পূর্ণ আস্থা], সংশোধন বিল জানুয়ারিতে
সংবিধান বদলাচ্ছে, বদলাচ্ছে দেশের রাজনীতির হাটহাটি-পখনকশা। আগামী জানুয়ারিতেই জাতীয় সংসদে উঠছে সংবিধান
সংশোধনের নতুন বিল। রোববার সন্ধ্যায়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/law-court/nirbachne-prarthider-dop-test-niye-haikorter-rul>